গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) বাস্তবায়ন সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২৬-২৭ অর্থ বছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন-২) যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/কর্মকর্তা নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আবুল কালাম আজাদ<br>পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) ও GPMS টিম লিডার,<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| তারিখ | : | ১৪ জুলাই ২০২৬, বিকাল ৩টা |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-২)। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, GPMS টিম সভাকে অবহিত করেন যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে নির্দেশনামতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২৬-২০২৭ অর্থবছরের চূড়ান্ত কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন-২) গত ২২/০৬/২০২৬ তারিখের ৫৮.০২.০০০০.০০০.০০৬.১৬.০০০১.২৬-২৪০২ সংখ্যক স্মারকমূলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় এবং অধিদপ্তরের সংশ্লিষ্ট সকলের বরাবর অনুলিপি প্রেরণ করা হয়েছে।

২। সহকারী পরিচালক (প্রশাসন) সভায় অধিদপ্তরের ২০২৬-২৭ অর্থ বছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন-২) উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনা শেষে অধিদপ্তরের কর্মপরিকল্পনা সংক্রান্ত সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/কর্মকর্তা নির্ধারণ করা হলো:

## (২০২৬-২৭অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন-২)

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্রমিক নং | কার্যক্রম (ফলাফল নির্দেশক) | পরিমাপকের একক | নির্দেশকের মান | লক্ষ্যমাত্রা (২০২৬-২৭) | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। সেবা প্রদান (Service Delivery) [মান-২৩] | ১ | ১.১) সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ভর্তিকৃত মাদকাসক্ত রোগীদের ২৮ দিন মেয়াদে চিকিৎসা প্রদান | সংখ্যা | ৪ | ৭০০ জন | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ চীফ কনসালটেন্ট/ সিনিয়র কনসালটেন্ট |
| | | ১.২) সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে আউটডোরের মাধ্যমে মাদকাসক্ত রোগীদের চিকিৎসা প্রদান | সংখ্যা | ৩ | ২০০০ জন | |
| | ২ | ১.৩) সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে মাদকাসক্তদের কাউন্সেলিং সেবা প্রদান | সংখ্যা | ২ | ১৫০০ জন | |
| | ৩ | ১.৪) ডোপটেস্ট সংক্রান্ত রিপোর্ট প্রদান | সংখ্যা | ৩ | ৫০০০ জন | চীফ কনসালটেন্ট, সিটিসি |
| | ৪ | ১.৫) প্রিকারসরস কেমিক্যাল/ সাইকোট্রপিক সাবস্ট্যান্স/ নারকোটিক্স ড্রাগস সংক্রান্ত NOC প্রদান | সংখ্যা | ৪ | ১০০ টি | পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা) |
| | ৫ | ১.৬) নারকোটিক ড্রাগস আমদানীর নিমিত্ত শুল্ক খালাসের অনাপত্তিপত্র ই-মেইলে প্রদান | সংখ্যা | ২ | ২০০ টি | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) |
| | ৬ | ১.৭) সেবা প্রত্যাশী সংস্থাসমূহের মাদক সংক্রান্ত মামলার চার্টশীট দাখিলের হার বৃদ্ধির লক্ষ্যে রাসায়নিক পরীক্ষার প্রতিবেদন প্রদান | সংখ্যা | ৩ | ১০০০০ টি | পরিচালক (অপারেশন্স)/ প্রধান রাসায়নিক পরীক্ষক/ বিভাগীয় রাসায়নিক পরীক্ষক |
| | ৭ | ১.৮) ফার্মাসিউটিক্যালস কোম্পানী কর্তৃক উৎপাদিত নমুনা পরীক্ষাকরণ, ডিষ্টিলারী কোম্পানী কর্তৃক ডিনেচার্ড স্পিরিট, রেকটিফাইড স্পিরিট এর মান পরীক্ষণ | সংখ্যা | ২ | ৮০ টি | |
| ২। নীতি ও সংস্কার কার্যক্রম (Policy and Reform Activity) [মান-১৩] | ৮ | ২.১) ডিপার্টমেন্ট অব নারকোটিক্স কন্ট্রোল রেগুলেশন (ডিএনসিআর), ২০২৬ এর খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ৩ | ২৯/০৬/২০২৭ | পরিচালক (প্রশাসন)/ বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট |
| | ৯ | ২.২) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২২ সংশোধনপূর্বক খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ৩ | ৩১/১২/২০২৬ | পরিচালক (প্রশাসন) |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ১০ | ২.৩) পদক নীতিমালা, ২০২৬ এর খসড়া প্রমন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ৪ | ৩০/১০/২০২৬ | পরিচালক (প্রশাসন) |
| | ২ | ২.৪) সরকারি/বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে মাদকাসক্তদের কাউন্সেলিং সেবা প্রদানের গাইড লাইন প্রণয়নে কমিটি গঠন ও খসড়া প্রণয়ন | তারিখ | ৩ | ৩১/০৫/২০২৭ | সংশ্লিষ্ট কমিটি |
| ৩। প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা (Institutional Capacity and Effciency) [মান-৩০] | ১১ | ৩.১) মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম পরিচালনার জন্য প্রশিক্ষক/মেন্টর তৈরি | সংখ্যা | ২ | ১০০০ জন | পরিচালক (নিরোধ শিক্ষা)/ অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| | | ৩.২) উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে পর্যায়ে মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম পরিচালনার জন্য প্রশিক্ষক/মেন্টর তৈরি | সংখ্যা | ২ | ৩০০ জন | |
| | ১২ | ৩.৩) স্থানীয় প্রশাসন ও অংশীজনের সমন্বয়ে তরুণদের মধ্যে মাদকবিরোধী সচেতনতা জাগরণে খেলার আয়োজন | সংখ্যা | ২ | ১০০ টি | |
| | ১৩ | ৩.৪) সমাজের সর্বস্তরের জনগণের মধ্যে মাদককের ভয়াবহতা ও কুফল সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সভা ও সেমিনার আয়োজন | সংখ্যা | ২ | ১৫০ টি | |
| | ১৪ | ৩.৫) অধিদপ্তরের পরিদর্শক হতে তদুর্দ্ধ কর্মকর্তাদের মাদক সংশ্লিষ্ট মানিলন্ডারিং মামলার TOT প্রশিক্ষক হিসেবে গড়ে তোলা | সংখ্যা | ২ | ১০ জন | পরিচালক (অপারেশন্স)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস) |
| | ১৫ | ৩.৬) ডগ স্কোয়াড গঠনের লক্ষ্যে খসড়া পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ২ | ১০/০৬/২০২৭ | পরিচালক (অপারেশন্স) |
| | ১৬ | ৩.৭) ওয়াকিটকি ব্যবহার ও সংরক্ষণ সংক্রান্ত বেতার প্রশিক্ষণ | সংখ্যা | ২ | ৬০ জন | পরিচালক (অপারেশন্স)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস) |
| | ১৭ | ৩.৮) জিআরএস, আরএমএস, ওয়েব পোর্টাল ও ডি-নথি বিষয়ে প্রশিক্ষণ | সংখ্যা | ২ | ১০০ জন | পরিচালক (প্রশাসন)/ প্রোগ্রামার/ অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| | ১৮ | ৩.৯) মাদক বিরোধী সফল অভিযান পরিচালনা | সংখ্যা | ২ | ৭০০০টি | পরিচালক (অপারেশন্স)/ অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| | | ৩.১০) সীমান্তবর্তী জেলাসহ অন্যান্য জেলায় অস্থায়ী চেকপোস্ট স্থাপনের মাধ্যমে তল্লাশী অভিযান পরিচালনা | সংখ্যা | ২ | ৮৫০টি | |
| | | ৩.১১) কুরিয়ার সার্ভিসসমূহের মাধ্যমে মাদক পাচার বন্ধে কুরিয়ার সার্ভিসের কার্যক্রম মনিটরিং | সংখ্যা | ২ | ৩৫০টি | |
| | ১৯ | ৩.১২) সাংগঠনিক কাঠামো সংশোধনপূর্বক খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ২ | ১৫/০৬/২০২৭ | পরিচালক (প্রশাসন) |
| | ২০ | ৩.১৩) অডিট আপত্তি নিষ্পত্তিকরণের লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভায় ব্রডশীট জবাব প্রেরণ | শতকরা | ২ | ৪০% | পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) |
| | ২১ | ৩.১৪) অধিদপ্তরের প্রসিকিউটর, সহকারী প্রসিকিউটর ও সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের প্রসিকিউসন বিষয়ক প্রশিক্ষণ প্রদান | সংখ্যা | ২ | ২৫ জন | পরিচালক (অপারেশন্স)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস) |
| | ২২ | ৩.১৫) ১৫ ক্যাটাগরির শূন্য পদে [উপপরিদর্শক, মেডিকেল টেকনোলজিষ্ট (রেডিওলজি), ফার্মাসিস্ট, ফিজিক্যাল ইনস্ট্রাক্টর, ল্যাব সহকারী, ডায়েটিশিয়ান, ভোকেশনাল ইন্সট্রাক্টর, ইসিজি টেকনিশিয়ান, লিনেন কিপার, টিকেট ক্লার্ক, রেন্ট কালেক্টর, সহকারী স্টুয়ার্ড/এ্যাসিসটেন্ট স্টুয়ার্ড, ওয়ার্ড মাষ্টার, রেকর্ড কিপার, ল্যাব এটেনডেন্ট] নিয়োগ কার্যক্রম সম্পন্নকরণ | তারিখ | ২ | ২৮/০৬/২০২৭ | পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশাসন) |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪। উন্নয়ন সংশ্লিষ্ট কার্যক্রম (Development Related and Other Activities) [মান-১৪] | ২৩ | ৪.১) "ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্পের ভৌত অবকাঠামো নির্মাণকাজের অগ্রগতি সংক্রান্ত পিআইসি সভা আয়োজন | সংখ্যা | ৪ | ৪ টি | প্রকল্প পরিচালক/ উপপরিচালক ও সহকারী পরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন) |
| | | ৪.২) "ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্প বাস্তবায়ন | শতকরা | ৪ | ৭০% | |
| | ২৪ | ৪.৩) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা কার্যালয় নির্মাণ (১ম পর্যায়) শীর্ষক প্রকল্পের (প্রকল্প অন্তর্ভুক্ত জেলা: কুমিল্লা, ফরিদপুর, পাবনা, নঁওগা, লালমনিরহাট, বরিশাল) টেন্ডার আহবান | তারিখ | ৩ | ১৭/০৫/২০২৭ | |
| | ২৫ | ৪.৪) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "৩টি বিভাগে (খুলনা, ময়মনসিংহ ও রংপুর) টেস্টিং ল্যাবরেটরিসহ বিভাগীয় কার্যালয় নির্মাণ" শীর্ষক প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ৩ | ২২/০৬/২০২৭ | |

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

৩.১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২৬-২০২৭ অর্থ বছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন-২) এর প্রতিটি কার্যক্রম যথাসময়ে ও যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে সমন্বিতভাবে কাজ করতে হবে।

৩.২) অধিদপ্তরের ২০২৬-২০২৭ অর্থ বছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন-২) এর প্রতিটি কার্যক্রমের পূর্ববর্তী মাসের অর্জন সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে দাখিল করতে হবে।

৩.৩) অধিদপ্তরের ২০২৬-২০২৭ অর্থ বছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন-২) এর প্রতিটি কার্যক্রমের প্রতি ত্রৈমাসিকের প্রতিবেদন অর্থাৎ জুলাই/২০২৬-সেপ্টেম্বর/২০২৬ মাসের প্রতিবেদন ০৩ অক্টোবর/২০২৬ তারিখের মধ্যে, অক্টোবর/২০২৬-ডিসেম্বর/২০২৬ মাসের প্রতিবেদন ০৩ জানুয়ারি/২০২৭ তারিখের মধ্যে, জানুয়ারি/২০২৭-মার্চ/২০২৭ মাসের প্রতিবেদন ০৩ এপ্রিল/২০২৭ তারিখের মধ্যে এবং এপ্রিল/২০২৭-জুন/২০২৭ মাসের প্রতিবেদন ০৩ জুলাই/২০২৭ তারিখের মধ্যে জেলা ভিত্তিক তথ্যাদি বিভাগ হতে সমন্বয় করে প্রমাণকসহ প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট অধিশাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩.৪) প্রতিটি কার্যক্রমের প্রমাণক স্ব স্ব বিভাগীয় কার্যালয়ে/সংশ্লিষ্ট অধিশাখায় যথাযথভাবে সংরক্ষণ করতে হবে, যাতে উর্দ্ধতন কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক যথাসময়ে প্রমাণক প্রদর্শন করা যায়।

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/০৭/২০২৬

(মো: আবুল কালাম আজাদ)
পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)
ও
GPMS টিম লিডার

নং-৫৮.০২.০০০০.০০৬.১২.০০৯.২৫-২৭৭১

তারিখ: ৩১ আষাঢ়, ১৪৩৩
১৫ জুলাই, ২০২৬

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিশাখা)]
২. পরিচালক (প্রশাসন/অপারেশন্স/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৩. চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা
৪. প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা
৫. প্রকল্প পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৬. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর; অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা),মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৭. উপপরিচালক (প্রশাসন/অপারেশন্স/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা; উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, .......
৮. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৯. সিনিয়র কনসালটেন্ট, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা
১০. রাসায়নিক পরীক্ষক, বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার, চট্টগ্রাম/বরিশাল/রাজশাহী/সিলেট/খুলনা/ময়মনসিংহ
১১. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১২. সহকারী পরিচালক (প্রশাসন/চিকিৎসা ও পুনর্বাসন/কমন সার্ভিস/জনসংযোগ/অপারেশন্স/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/গোয়েন্দা/গবেষণা ও প্রকাশনা/অর্থ ও হিসাব)/আইন কর্মকর্তা/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা; সহকারী পরিচালক, বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.................

১৩. রিহেবিলিটেশন কর্মকর্তা/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা

১৪. সহকারী রাসায়নিক পরীক্ষক, বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার, চট্টগ্রাম/বরিশাল/রাজশাহী/সিলেট/খুলনা/ময়মনসিংহ

১৫. মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৬. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৭. অফিস কপি

(রাজিব মিনা)
উপপরিচালক (প্রশাসন)